নারীর প্রতি সহিংসতা বন্ধের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

ঝিনাইদহসহ দেশব্যাপী ধর্ষণ ও নারীর প্রতি সকল প্রকার সহিংসতা বন্ধের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

বুধবার সকালে শহরের মডার্ন মোড় এলাকায় এ কর্মসূচীর আয়োজন করে এ্যাকশন এন ডেভেলপমেন্ট (এইড)’র জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প।

ঘন্টাবাপী চলা এই কর্মসূচীতে বক্তব্য দেন, এইড’র উপজেলা সামাজিক সহায়তা কমিটির সভাপতি ও মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের সমন্বয়কারী খন্দকার আশাফুন্নাহার আশা, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক হাবীবুর রহমান প্রমুখ।

ঘণ্টাবাপী চলা কর্মসূচিতে বক্তারা, ধর্ষণসহ নারীর প্রতি সহিংসতা বন্ধে সরকারের কঠোর হস্তক্ষেপ কামনা করেন। পাশাপাশি সর্বস্তরের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান।

ঝিনাইদহে ৪৫৭ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

ঝিনাইদহের কালীগঞ্জ থেকে ৪৫৭ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে র্যাব-৬। বুধবার সকালে র্যাবের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়,

গত মঙ্গলবার রাতে র্যাব-৬ এর একটি বিশেষ আভিযানিক দল গোপন তথ্যের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ কালীগঞ্জ থানার (চুয়াডাঙ্গা-যশোর) মহাসড়কের আলাইপুর রোডে মাদকসহ একটি পিকআপ

ভ্যানে কতিপয় মাদক ব্যবসায়ী মাদক সরবরাহ করে।

সেই তথ্যের ভিত্তিতে ঘটনার সত্যতা যাচাই ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে র্যাবের ওই দলটি ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানাধীন আলাইপুর জামতলা বাজারে চেকপোষ্ট স্থাপনের মাধ্যমে সন্ধেহজনক পিকআপের উপর অভিযান পরিচালনা করে মাদক ব্যবসায়ী মো: বুলবুল মল্লিক (৩২) কে গ্রেপ্তার করে।

সে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের অশিস মল্লিকের ছেলে।

গ্রেপ্তারের সময় আসামীর হেফাজত থেকে ৪৫৭ বোতল ফেন্সিডিল, ১টি মোবাইল, ২টি মোবাইল সিমকার্ড, ১টি পিকআপ এবং নগদ-২৮১০ টাকা উদ্ধার করা হয়।

জব্দকৃত আলামত ও গ্রেপ্তারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানায় হস্তান্তর করে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে।

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে সংবাদ সম্মেলন

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি ইলিয়াস হোসেনের বিরুদ্ধে কর্মচারী নিয়োগ ও শিক্ষকদের বেতন বীলে স্বাক্ষর করার জন্য ১৬ লক্ষাধিক টাকা আদায় করার অভিযোগ এনে সাংবাদিক সম্মেলন করেছেন বিদ্যালয়ের শিক্ষক কর্মচারী ও স্থানীয় সুধি মহল।

ধলা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক কমনরুমে গতকাল বুধবার বেলা ১২ টার দিকে এ সংবাদ সম্মেলন করেন তারা।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন।

এসময় সহকারী প্রধান শিক্ষক শামীম হাসান, সহকারী শিক্ষক ফিরোজ হাসান, আব্দুল মোনেম, ইকবাল হোসেন হুছনিয়ারা খাতুন তাদের কাছ থেকে বেতন বীলে স্বাক্ষর করার অভিযোগ এনে জোর করে আড়াই লক্ষ টাকা ঘুঁষ নেওয়ার অভিযোগ আনেন।

সাংবাদিক সম্মেলনে কাথুলি ইউনিয়নের ওয়ার্ড সদস্য (মেম্বর) আনারুল ইসলামসহ গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে প্রধান শিক্ষক আনোয়ার হোসেন জানান, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শামীম হাসান, সহকারী শিক্ষক ফিরোজ হাসান, আব্দুল মোনেম, ইকবাল হোসেন ও মোছা: হুছনিয়ারা খাতুনের প্রথম বেতনের বীল উত্তোলন করার জন্য সভাপতির কাছে বেতন বীলে স্বাক্ষর করাতে গেলে স্বাক্ষরের পূর্বেই আড়াই লাখ টাকা দাবী করেন। তার দাবীকৃত টাকা না দিলে সেই সই করবে না বলে জানিয়ে দেন। পরে তাকে আড়াই লাখ টাকা দিয়ে বেতন বীলে স্বাক্ষর করাতে বাধ্য হই ভুক্তভোগী শিক্ষকরা।

এছাড়া সহকারী শিক্ষক হুছাইন আলী, তৌহিদুল ইসলাম, মোছা: মমতাজ পারভীন, ও বাবুল হোসেনের উচ্চতর বেতন স্কেল পরিবর্তন করার জন্য স্বাক্ষর নিতে গেলে জন প্রতি ১৫ হাজার টাকা করে মোট ৬০ হাজার টাকা উৎকোচ নিয়েছেন সভাপতি ইলিয়াছ হোসেন।

লিখিত বক্তব্যে প্রধান শিক্ষক আরো জানান, বিদ্যালয়ের নিরাপত্তা কর্মী মো: বৃটেন আলীকে নিয়োগ দিয়ে ৫ লাখ টাকা, অফিস সহায়ক তুহিন হোসেনকে নিয়োগ দিয়ে সাড়ে ৪ লাখ টাকা ও আয়া ফাতেমা খাতুনকে নিয়োগ দিয়ে সাড়ে ৪ লাখ টাকা ঘুঁষ নিয়েছেন ইলিয়াছ হোসেন।

দলীয় পদ পদবীর ক্ষমতা ভাঙিয়ে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ইলিয়াছ হোসেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেনসহ শিক্ষক কর্মচারীদের সাথে সব সময় অসাদাচারন করে থাকেন।

তারা কর্মচারী নিয়োগের জন্য নেওয়া ঘুঁষের টাকা ও সহকারী শিক্ষকদের কাছ থেকে জোর করে অবৈধভাবে হাতিয়ে নেওয়া সকল অর্থ ফেরৎ দানের জন্য আহবান জানান। উল্লেখ্য, ইলিয়াছ হোসেন কাথুলি ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের সাবেক সাধারণ সদস্য (মেম্বর)।

[redacted]

[redacted]

হরিনাথ মজুমদার’ পদকে ভূষিত। হন। তিনি ভালোবাসেন বই পড়তে, লিখতে আর ‘সেতার শুনতে। সময় পেলে মুভি দেখেন।

গাংনীতে রমজানের শুরু থেকে বিদ্যুতের লো ভোল্টেজ ও লোডশেডিংয়ে অতিষ্ট গ্রাহক

রমজানের শুরু থেকে নিয়মিত লোডশেডিং আবার বিদ্যুৎ থাকলেও লো ভোল্টেজের কারণে ভোগান্তিতে পড়ছেন মেহেরপুরের গাংনীবাসী। লো ভোল্টেজের কারণে সেচযন্ত্র দিয়ে পর্যাপ্ত পানি ওঠে না। এলাকার বাসিন্দাদের অভিযোগ, রমজান মাস শুরুর পর থেকে প্রতিদিনই ইফতার, তারাবিহর নামাজ ও সাহরির সময় লোডশেডিং যেন স্বাভাবিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের তথ্যানুযায়ি দুটি সাবস্টেশনের ৭টি ফিডারে ২৩ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা রয়েছে। গত চারদিন যাবত পাওয়া যাচ্ছে মাত্র ১৩ মেগাওয়াট। এই অর্ধেক বিদ্যুৎ দিয়ে গোটা অঞ্চল চালাতে হচ্ছে পল্লী বিদ্যুত সমীতীর। ফলে দিনে রাতে সমানে লোড শেডিং ও লো ভোল্টেজ দেখা দিয়েছে।

ষোলটাকা ইউপির মাসুদ মেম্বর বলেন, প্রধানমন্ত্রী বাংলাদেশকে শতভাগ বিদ্যুৎ-সুবিধা নিশ্চিত করার ঘোষণা দিয়েছেন। বিদ্যুৎ বিভাগ থেকেও এর আগে বলা হয়েছে রমজান মাসের তিনটি সময় (ইফতার, তারাবিহর নামাজ ও সাহ্রি) কোনো লোডশেডিং থাকবে না। এরপরও কেন লোডশেডিং হচ্ছে বুঝতে পারছেন না।

কুঞ্জনগরের ধানচাষি রশিদ বলেন, লোডশেডিংয়ের পাশাপাশি লো ভোল্টেজের কারণে সেচপাম্পগুলোতে পানি উত্তোলন করা যাচ্ছে না। লো ভোল্টেজের কারণে অনেক পাম্প পুড়ে গেছে। সেচ নিশ্চিত করা না গেলে ফসলহানী ঘটবে। একই কথা জানালেন ধানচাষি শহড়াবাড়িয়া গ্রামের কিবরিয়া বিশ্বাস।

গ্রামাঞ্চলের লোকজনের অভিযোগ, শহরাঞ্চলে বসবাসকারী গ্রাহকরা বেশি বিদ্যুত সুবিধা পেয়ে থাকেন। গ্রামাঞ্চলের গ্রাহকদের দুর্ভোগ অনেকাংশেই বেশি। বিদ্যুৎ সরবরাহ না থাকায় মুসল্লিরা তীব্র গরমের মধ্যে তারাবিহর নামাজ আদায় করেন। আবার ইফতারের সময় বিদ্যুত পাওয়া যায় না। এমনি অভিযোগ করেছেন মটমুড়া গ্রামের তোফাজ্জেল।

কুঞ্জনগর জামে মসজিদের ইমাম সের আলী জানান, প্রচন্ড গরমের মাঝেও নামাজ আদায় করতে হয়। প্রতিদিন ইফতার সেহরী ও তারাবির নামাজের সময় বিদ্যুত থাকেনা। রোজার শুরু থেকেই এ অবস্থা। প্রতিবছরই এমন হয়। মধ্যরাতে লোডশেডিং দিলে ক্ষতি কী?

এ ব্যাপারে মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির গাংনী জোনাল অফিসের ডিজিএম নাসিরুদ্দীন জানান, গ্যাস সংকটের কারণে বিদ্যুত উৎপাদন না হওয়ায় জাতীয় গ্রীডে সরবরাহ কমে গেছে। ফলে চাহিদার তুলনায় অর্ধেক বিদ্যুত পাওয়া যাচ্ছে। আর সে অনুযায়ি লোডশেডিং দেয়া হচ্ছে সিডিউল অনুযায়ি। তবে তাড়াতাড়ি বিদ্যুত সমস্যার সমাধান হবে বলেও আশার বাণী শুনিয়েছেন তিনি।

মোবাইল ফোন মাদকাসক্তের মতই আরেক ধরণের ব্যাধি-ওসি আব্দুর রাজ্জাক

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেছেন, মোবাইল ফোন মাদকাসক্তের মতই আরেক ধরণের ব্যাধি। তাই শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহারে অত্যন্ত শর্তক থাকতে হবে।

এক্ষেত্রে শিক্ষার্থীদের চেয়েও বেশী সচেতন হতে হবে অভিভাবকদের। আমাদের সমাজে নৈতিকতা একেবারেই উঠে গেছে। তাই অভিভাবক ও শিক্ষকদের তাদের ছেলে মেয়েদের নৈতিক শিক্ষার প্রতি গুরুত্ব দিতে হবে। নৈতিক শিক্ষার মধ্যে দিয়ে শিক্ষার্থীরা বেড়ে উঠলে সমাজে

থেকে অনিয়ম অনাচারসহ নানা ধরণের অপরাধ করে যাবে।

মঙ্গলবার সকালে গাংনীর গোপালনগর লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বক্তব্য রাখতে গিয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এসব কথা বলেন।

লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় উপস্থিত ছিলেন, গাংনী থানার উপপরিদর্শক (এসআই) নাসির উদ্দীন, পিএসআই উপপরিদর্শক তুষার আহম্মেদ, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোশাররফ হোসেন, বিএসসি শিক্ষক বিল্লাল হোসেন, সিনিয়র শিক্ষক আমারুল্লাহ, কামাল হোসেন, নাজমুস সালেহীন, খেদের আলী দিপু প্রমুখ।

ওসি আব্দুর রাজ্জাক আরো বলেন, বাল্য বিয়ে আমাদের সমাজের একটি ব্যাধি। সমাজকে বাঁচাতে বাল্য বিবাহ বন্ধ করতে হবে। এজন্য অভিভাবক, শিক্ষক ও সমাজের সকল স্তরের মানুষকে এক সাথে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

তিনি বলেন, আমি যতদিন এ থানাতে থাকবো। এখানে কোনো ইভটিজিং হতে দেওয়া হবেনা। কেউ ইভটিজিং করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

তিনি মাদকের ব্যাপারে কঠোর হুশিয়ারী দিয়ে বলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণে পুলিশ মাঠে ময়দানে কাজ করছে। যারা মাদকের সাথে জড়িত হবে কাউকে ছাড় দেওয়া হবেনা।

তিনি এসময় সকল শিক্ষার্থীদের আদর্শ মানুষ হিসেবে গড়ে উঠতে নৈতিক শিক্ষায় শিক্ষিত হওয়ারও আহবান জানান।

হাইকোর্টের অতিরিক্ত

রেজিস্ট্রার হিসেবে নিয়োগ পেলেন মেহেরপুরের সন্তান রুপক

চট্টগ্রাম সাইবার ট্রাইব্যুনালের বিচারক জেলা জজ এস.কে.এম. তোফায়েল হাসান ওরফে রুপককে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার নিয়োগ দেওয়া হয়েছে। তিনি মেহেরপুরের কৃতি সন্তান।

রাষ্ট্রপতির আদেশক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব শেখ গোলাম মাহবুব স্বাক্ষরিত রোববার (৩ এপ্রিল) জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

প্রজ্ঞাপনের তথ্য অনুযায়ী, প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর অভিপ্রায় অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত এস.কে.এম. তোফায়েল হাসানকে বর্তমান কর্মস্থল থেকে বদলি করা হয়েছে। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার হিসেবে প্রেষণে নিয়োগের জন্য তাঁর চাকরি প্রধান বিচারপতির অধীন ন্যস্ত করা হয়েছে।

এদিকে হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার জেলা ও দায়রা জজ রুহুল আমীনকে রাজবাড়ী জেলা ও দায়রা আদালতে নিয়োগ/বদলির জন্য অবমুক্ত করা হয়েছে। হাইকোর্টের রেজিস্ট্রার মো. গোলাম রব্বানী স্বাক্ষরিত পৃথক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

মেহেরপুরে চুরি হওয়া অটোরিক্সা উদ্ধার, আটক ২

মেহেরপুর ও চুয়াডাঙ্গা থানা এলাকায় অভিযান চালিয়ে চোরাই অটোরিক্সাসহ দুই জনকে আটক করেছে পুলিশ। আটকরা হলেন, মেহেরপুর নতুন পাড়ার মৃত আব্দুল মমিনের ছেলে মোঃ আলাউদ্দিন ওরফে আলা (৪৫) এবং চুয়াডাঙ্গার দর্শনা থানার মোহাম্মদ গ্রামের মৃত নুর বক্সের

ছেলের রফিকুল ইসলাম ওরফে মিন্টু (৪৯)।

গতকাল মঙ্গলবার ভোর সাড়ে ৩টার দিকে এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর সদর থানার এস আই নজরুল ইসলাম। এসময় এএসআই শাকিল হোসেন, এএসআই শাহ জামালসহ পুলিশের একটি টিম অভিযানে অংশ নেন।

পুলিশ জানায়, মেহেরপুর থানার মামলা অনুযায়ী পুলিশ চুরি যাওয়া রিক্সা উদ্ধারের বিষয়ে খোঁজখবর নিতে শুরু করে। এর অংশ হিসেবে গতকাল ভোরে পৃথক দুটি স্থানে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এবং চোরাই রিক্সাও উদ্ধার করা হয়। রিক্সার আনুমানিক মূল্য ৪৫০০০ (পঁয়তাল্লিশ) হাজার টাকা।

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান ৩ জনকে জরিমনা

পবিত্র মাহে রমজান মাসে দ্রব্যমূল্যর পরিস্থিতি স্বাভাবিক রাখতে দর্শনা বাজার মনিটরিং করছে দামুড়হুদা উপজেলা প্রশাসন।

মঙ্গলবার দুপুরে দর্শনা বাসষ্ট্যান্ডে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। এ অভিযানে দর্শনা বাসস্ট্যান্ডে অবস্থিত রান্নাঘর খাবার হোটেলে অভিযান চালায়। খাবার হোটেলে অস্বাস্থ্যকর খাবার ও নোংরা পরিবেশের দায়ে হোটেলে মালিক ইসমাইলকে ১ হাজার ৫শ টাকা জরিমানা আদায় করে।

পরে দর্শনা বাসষ্ট্যান্ডে কেজিতে তরমুজ বিক্রি ও ভুয়া ভাউচার রাখার অপরাধে রুবেল হোসেন নামের এক তরমুজ ব্যবসায়ীকে ১ হাজার টাকা জরিমানা আদায় করে।

অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট তাছলিমা আক্তার।

এসময় উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার বলেন, কেজিতে তরমুজ বিক্রি করা যাবে না, যে বিক্রি করবে সাথে সাথে আমাকে খবর দেবেন আমি ব্যাবস্থা নেব এবং দুই তরমুজ ব্যবসায়ীকে সর্তক করে মুচলেখা

নেন।

পরে দর্শনা রেল বাজারের এক গুড়ের দোকানে অভিযান চালায় ওই দোকানে অস্বাস্থ্যকর পরিবেশের দায়ে ১ হাজার টাকা জরিমানা আদায় করে।

ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও স্যানেটারী ইন্সপেক্টর জামাত আলী, দর্শনা থানার এসআই ফাইমসহ একটি চৌকস দল।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট আরও জানায়, পবিত্র মাহে রমজান মাসে দ্রব্যমূল্যর পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুরো মাস জুড়ে বাজার মনিটরিং ও অভিযান অব্যাহত থাকবে।

কুষ্টিয়ায় আদ-দ্বীন হাসপাতালের কর্মচারীদের মাঝে খাদ্য সহায়তা প্রদান

কুষ্টিয়ার বেসরকারি চিকিৎসা কেন্দ্র আদ-দ্বীন হাসপাতালের কর্মচারীদের মাঝে রমজানের ঈদ উপহার হিসাবে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার সকালে শহরের ছয় রাস্তা মোড় আদ-দ্বীন হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক আব্দুল আউয়াল কর্মীদের মাঝে এসব রমজানের ঈদ উপহার সামগ্রী তুলে দেন।

এ সময় তিনি বলেন, “সবার সাধ্যের মধ্যে মান সম্মত সেবা”এই প্রত্যাশাই আদ-দ্বীন হাসপাতালের পথ চলা। দ্রব্যমুল্◌েযর উর্দ্ধগতিতে যখন নিম্ন আয়ের কর্মীরা দূর্বিসহ জীবনযাপন করছে তখনই আদ-দ্বীন হাসপাতালের নির্বাহী মহোদয় স্যার হাসপাতালের পরিবেশ কর্মীদের জন্য রমজানের ঈদ উপহার হিসাবে দশ রকমের খাদ্য সামগ্রী পাঠালেন।

তিনি বলেন, সামাজিক দায়বদ্ধতা থেকে আমাদের এই হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক এসব খাদ্য সামগ্রী নিয়ে সহায়তা করে আসছে। আপনারা এই হাসপাতালে এমডির জন্য দোয়া করবেন।